শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৪.১৪- ২৭৮

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৬
২২ মে ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৯১৭/২০১৪ (আপীল নং-৩৭০/২০১৫) মামলার গত ০৭/০৭/২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: সাকোয়া জামিলাতুন নেছা ফাযিল মাদ্রাসা, বোদা, পঞ্চগড় এর স্মারক নং-সা:জ:ফা:মা:-২৯/১৯ তারিখ: ১৮.০৪.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন সাকোয়া জামিলাতুন নেছা ফাযিল (স্নাতক) মাদরাসাটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে ২০০৯-২০১০ অর্থবছরে আলিম স্তরে এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে গত ০৬/৫/২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয়।

০৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংক্ষুব্ধ হয়ে তদকর্তৃক (অধ্যক্ষ) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৯১৭/২০১৪ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলার ০৭.০৭.২০১৪ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয় :

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৩৭০/২০১৫ দায়ের করা হলে তা ২৬.০৭.২০১৫ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ২৬.০৭.২০১৫ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 218 days but the explanation offered seeking condonation of dealy is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation"

০৫। এর ফলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২১.১০.২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫.৪০৪ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানের আলিম স্তরে এমপিওভুক্ত করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৬। তৎপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের আলিম স্তরের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে ০৩ (তিন) দফায় বিভিন্ন মাস হতে (জানুয়ারি/২০১৭, মে/২০১৮ ও সেপ্টেম্বর/২০১৮) এমপিওভুক্ত করা হয়। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ১৮.০৪.১৯ খ্রি. তারিখে আলিম স্তরের শিক্ষক-কর্মচারীর অনুকূলে গত ২০০৯-১০ অর্থবছরের জানুয়ারি/২০১০ হতে আগস্ট/২০১৮ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস ও বছর হতে প্রযোজ্য) বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রমূলে সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৭। বর্ণিত প্রতিষ্ঠানটি আলিম স্তরে ২০০৯-২০১০ অর্থবছরের ০৬.৫.২০১০ তারিখের ১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিওভুক্ত হিসেবে নির্বাচিত করায় এবং রিট পিটিশন নং-৪৯১৭/২০১৪ মামলার ০৭.০৭.২০১৪ তারিখের রায়েও ... include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 উল্লেখ থাকায় এবং সরকার কর্তৃক দায়েরকৃত লীভ টু আপীল নং-৩৭০/২০১৫ মামলাটি (সময় দ্বারা বারিত মর্মে উল্লেখপূর্বক) খারিজ হয়ে যাওয়ায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ০৭.০৭.১৪ খ্রি. তারিখের রায় বহাল রয়েছে।

০৮। যেহেতু উক্ত মাদরাসার আলিম স্তরের শিক্ষক-কর্মচারীগণকে ০৩ দফায় বিভিন্ন মাস (জানুয়ারি/২০১৭, মে/২০১৮ ও সেপ্টেম্বর/২০১৮) হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ০৭.০৭.১৪ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-৩৭০/২০১৫ মামলাটি খারিজ হয়ে গেছে, সেহেতু ২০০৯-২০১০ অর্থবছরের জানুয়ারি/২০১০ হতে আগস্ট/২০১৮ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস ও বছর হতে প্রযোজ্য) সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

চলমান পৃষ্ঠা/

০৯। এমতাবস্থায়,

ক. রিট পিটিশন নং-৪৯১৭/২০১৪ মামলার ০৭.০৭.১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন সাকোয়া জামিলাতুন নেছা ফাযিল (স্নাতক) মাদরাসার আলিম স্তরের শিক্ষক-কর্মচারীর অনুকূলে জানুয়ারি/২০১০ হতে আগস্ট/২০১৮ পর্যন্ত (উক্ত সময়ের মধ্যে যার জন্য যে মাস ও বছর হতে প্রযোজ্য) সময়ের বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১৫.০৬.২০১৯ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বাস্তব প্রশাসনিক কারণে বর্তমান অর্থবছরে পরিশোধ সম্ভব না হলে আগামী অর্থবছরের বাজেট হতে পরিশোধের জন্য অনুরোধ করা হলো।

খ. প্রতিটি রিট মামলার (বর্তমানে চলমান এবং ভবিষ্যতে দায়ের হওয়া) বিষয়ে যথাযথ মনিটরিংসহ প্রয়োজনীয় ক্ষেত্রে দ্রুত আপিল দায়েরের পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করার জন্যও নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৩/০৫/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। সভাপতি, সাকোয়া জামিলাতুন নেছা ফাযিল (স্নাতক) মাদরাসা, ডাক-সাকোয়া, উপজেলা-বোদা, জেলা- পঞ্চগড়।
১০। অধ্যক্ষ, সাকোয়া জামিলাতুন নেছা ফাযিল (স্নাতক) মাদরাসা, ডাক-সাকোয়া, উপজেলা-বোদা, জেলা- পঞ্চগড়।
১১। অফিস কপি/মাস্টার কপি।